গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
স্থানীয় সরকার, পল্লী উন্নয়ন ও সমবায় মন্ত্রণালয়
স্থানীয় সরকার বিভাগ
আইন-১ অধিশাখা
www.lgd.gov.bd

স্মারক নং-৪৬.০২০.০০৪.০১.০০.৩২৬.২০১৮- ২৬৬৬ তারিখ: ০৮ কার্তিক ১৪২৫ বঙ্গাব্দ / ২৩ অক্টোবর ২০১৮ খ্রিস্টাব্দ

বিষয়ঃ রিট পিটিশন নং-৭৯৫৬/২০১৮ [পিটিশনার গিয়াস উদ্দিন, পিতা- মোঃ ইসহাক মিয়া, গ্রাম- ভুইঞাপুর (ভাবিয়াপাড়া), ডাকঘর- সোনাইমুড়ি, থানা- সোনাইমুড়ি, জেলা- নোয়াখালী-বনাম- সরকার ও অন্যান্য] এ সরকার পক্ষে প্রতিদ্বন্দ্বিতা সংক্রান্ত।

সূত্রঃ হাইকোর্ট বিভাগের রিট পিটিশন নং-৭৯৫৬/২০১৮ এর ০৮.৭.২০১৮ তারিখের রুলের কপি।

উপর্যুক্ত বিষয় ও সূত্রোক্ত স্মারকের পরিপ্রেক্ষিতে জানানো যাচ্ছে যে, নোয়াখালী জেলার সোনাইমুড়ী পৌরসভাকে 'খ' শ্রেণী হতে 'ক' শ্রেণীতে উন্নীতকরণের ০৬.১১.২০১৩ তারিখের ১০৬২নং স্মারকের প্রজ্ঞাপন চ্যালেঞ্জ করে পিটিশনার কর্তৃক স্থানীয় সরকার বিভাগের সিনিয়র সচিব মহোদয়সহ ৬ (ছয়) জনকে প্রতিপক্ষ করে এই রিটটি দায়ের করা হয়েছে। হাইকোর্ট বিভাগ শুনানী অন্তেঃ রুল ইস্যুপূর্বক প্রতিপক্ষগণের প্রতি কারণ দর্শানোর আদেশ দিয়েছেন। বিজ্ঞ আদালত তর্কিত ০৬.১১.২০১৩ তারিখের ১০৬২নং স্মারকের প্রজ্ঞাপন ২ (দুই) সেট রেজিস্ট্রি ডাকযোগে প্রেরণের আদেশ দিয়েছেন এবং উক্ত রুলের সাথে রিট পিটিশন নং-৩২৩৯/২০১৮ ও ৫৭৯৮/২০১৮ এর উপর শুনানী অনুষ্ঠিত হবে। রিটের ২নং প্রতিপক্ষ যুগ্মসচিব (নগর উন্নয়ন-২), স্থানীয় সরকার বিভাগ; ৫নং প্রতিপক্ষ জেলা প্রশাসক, নোয়াখালী এবং ৬নং প্রতিপক্ষ মেয়র, সোনাইমুড়ী পৌরসভা, নোয়াখালী।

২. এমতাবস্থায়, উল্লিখিত মামলায় ১নং প্রতিপক্ষ কর্তৃক স্বাক্ষরিত ওকালতনামা এতদসঙ্গে প্রেরণপূর্বক জবাব দাখিল ও প্রয়োজনে সময়ের আবেদন দাখিলসহ মামলা প্রতিদ্বন্দ্বিতা করার যথাযথ ব্যবস্থা গ্রহণের জন্য নির্দেশক্রমে অনুরোধ করা হল।

সংযুক্তিঃ বর্ণনামতে ১ (এক) ফর্দ।

নুমেরী জামান
উপসচিব
ফোনঃ ৯৫৪০৯৯৫
E-mail: dslaw1.lgd.gov@gmail.com

বিজ্ঞ সলিসিটর
সলিসিটর উইং
আইন, বিচার ও সংসদ বিষয়ক মন্ত্রণালয়
বাংলাদেশ সুপ্রীমকোর্ট প্রাঙ্গন, ঢাকা।

সদয় অবগতি/কার্যার্থে অনুলিপিঃ

১. বিজ্ঞ এটর্ণী জেনারেল অব বাংলাদেশ, বাংলাদেশ সুপ্রীমকোর্ট প্রাঙ্গন, ঢাকা।
২. যুগ্ম সচিব (নগর উন্নয়ন-২), স্থানীয় সরকার বিভাগ।
৩. সিনিয়র সচিবের একান্ত সচিব, স্থানীয় সরকার বিভাগ (সিনিয়র সচিব মহোদয়ের সদয় অবগতির জন্য)।
৪. কম্পিউটার প্রোগ্রামার, স্থানীয় সরকার বিভাগ (পত্রটি ওয়েবসাইটে আপলোড করার জন্য)।
৫. অফিস কপি/মাস্টার কপি।